গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
লালমনিরহাট গণপূর্ত বিভাগ, লালমনিরহাট।
ফোন ০৫৯১-৬১৩৩৩; ফ্যাক্স ০৫৯১-৬২৩৩৩।
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.৫২০০.১১৮.৬ই.২৭.৭০ তারিখ-২১/০১/২০১৮ খ্রিঃ

**আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি**
**দরপত্র বিজ্ঞপ্তি নং-সার্ভিস-০১/২০১৭-২০১৮**

লালমনিরহাট গণপূর্ত বিভাগের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে সর্বসাকুল্য বেতনে আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকরণের লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে "সীলমোহরকৃত" দরপত্র আহবান করা যাইতেছে।

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রনালয়/বিভাগ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়। |
| ২. | এজেন্সী/প্রতিষ্ঠান/দপ্তর | গণপূর্ত অধিদপ্তর। |
| ৩. | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | নির্বাহী প্রকৌশলী, লালমনিরহাট গণপূর্ত বিভাগ, লালমনিরহাট। |
| ৪. | দরপত্র আহবানকারীর জেলা | লালমনিরহাট। |
| ৫. | সরবরাহের নাম | লালমনিরহাট গণপূর্ত বিভাগের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আউটসোর্সিং নীতিমালা অনুসারে ০১(এক) জন গাড়ী চালক সরবরাহকরণ (জানুয়ারী/২০১৮ খ্রিঃ হতে ডিসেম্বর/২০১৮ খ্রিঃ পর্যন্ত) |
| ৬. | দরপত্র আহ্বানের সূত্র | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং-২৫.৩৬. ০০০০.২১১.১১. ৪১৬.১৫-৭৬৯(৪), তারিখ ২৮/১২/২০১৭ খ্রিঃ। |
| ৭. | দরদাতা/প্রতিষ্ঠানে যোগ্যতা ও জনবল সবরাহের অভিজ্ঞতা | আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী প্রতিষ্ঠানের হাল নাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদপত্র, আয়কর প্রদানের সনদপত্র, ব্যাংক সলভেন্সী সনদপত্র, সরকারী/আধা সরকারী/রাষ্ট্রায়ত্ব/বিদেশী মিশন/বেসরকারী প্রতিষ্ঠানে জনবল সরবরাহের অভিজ্ঞতার স্বপক্ষে প্রত্যয়নপত্র, সন্তোষজনক ব্যবস্থাপনা যোগ্যতা এবং লজিস্টিক সামর্থ্য থাকিতে হইবে। |
| ৮. | দরপত্র সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ৯. | বাজেট ও অর্থের উৎস | রাজস্ব বাজেট (GOB) |
| ১০. | প্রস্তাবিত জনবলের সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা | ক্রঃ নং: ১। ; পদের নাম: গাড়ী চালক (বেতন গ্রেড-১৬) ; পদ সংখ্যা: ১(এক) টি ; যোগ্যতা: এস, এস, সি পাশ ; বয়স: ০১ জানুয়ারী/ ২০১৮ খ্রিঃ তারিখে (১৮-৪৫ বছর) ; অভিজ্ঞতা: হালকা/ভারী গাড়ী চালক হিসাবে ন্যূনতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন। |
| ১১. | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | ০৭/০২/২০১৮ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| ১২. | দরপত্র গ্রহনের সর্বশেষ তারিখ ও সময় | ০৮ /০২/২০১৮ খ্রিঃ সময় বেলা ১২.০০ ঘটিকা। |
| ১৩. | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট; তারিখ-০৮/০২/২০১৮ খ্রিঃ বিকাল-৩.০০ ঘটিকার সময় কমিটির উপস্থিতিতে দরপত্র খোলা হইবে। আগ্রহী অংশগ্রহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠান/অংশগ্রহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি ইচ্ছা করিলে দরপত্র খোলার সময় উপস্থিত থাকিতে পারিবেন। |
| ১৪. | দরপত্র বিক্রয়ের স্থান/দপ্তরের নাম ও ঠিকানা | নিম্নস্বাক্ষরকারীর দপ্তরসহ রংপুর গণপূর্ত জোন এর অধীন সকল গণপূর্ত বিভাগ/ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা/চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম/সিলেট গণপূর্ত বিভাগ, সিলেট/খুলনা গণপূর্ত বিভাগ-১,খুলনা/বরিশাল গণপূর্ত বিভাগ, বরিশাল/রংপুর গণপূর্ত বিভাগ, উপ-বিভাগীয় প্রকৌশলী-১/২/ই/এম, গণপূর্ত উপ-বিভাগ, লালমনিরহাট এর কার্যালয় সমুহে। |
| ১৫. | দরপত্র গ্রহনের স্থান/দপ্তরের নাম ও ঠিকানা | ক) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট।<br>খ) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।<br>গ) পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট। |
| ১৬. | দরপত্র দলিলের মূল্য | টাকা ৫০০.০০ (পাঁচশত) মাত্র । (অফেরত যোগ্য) মানি রিসিট এর মাধ্যমে ক্রয় করিতে হইবে। উক্ত মানি রিসিট এর মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য করা হইবে। |
| ১৭. | দরপত্র জামানতের পরিমান | টাকা ৭,০০০/-(সাত হাজার) মাত্র। বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। |
| ১৮. | দরপত্র আহবানকারীর পদবী | নির্বাহী প্রকৌশলী। |
| ১৯. | দরপত্র আহবানকারীর ঠিকানা | গণপূর্ত বিভাগ, লালমনিরহাট। |
| ২০. | দরপত্র আহবানকারীর ফোন নং | ফোনঃ ০৫৯১-৬১৩৩৩, ফ্যাক্স ঃ ০৫৯১-৬২৩৩৩ |
| ২১. | বিশেষ নির্দেশনা | ঃ |

ক) দরপত্র দলিলের সকল ধারা বিবেচনায় আনিয়া উহার আলোকে শর্তাদি পালন পূর্বক দরপত্র দাখিল করিতে হইবে।
খ) দাখিলকৃত দর আইটেমওয়ারী জনপ্রতি মাসিক ভিত্তিতে বেতন এবং দুইটি এককালীন উৎসব প্রণোদনা ও একটি নববর্ষ প্রণোদনা অংকে ও কথায় সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। কোন প্রকার কাটাকাটি/ অস্পষ্টতা গ্রহণযোগ্য হইবে না।
গ) অফিস চলাকালীন সময়ে দরপত্র সংগ্রহ করা যাইবে। দাখিলকৃত দরপত্রের সহিত (১) প্রতিষ্ঠানের মালিকানা এভিডেভিট (২) ভ্যাট রেজিষ্টেশন (৩) হালনাগাদ আয়কর ও ট্রেড লাইসেন্স এবং (৪) মালিক ব্যতিত প্রতিনিধির মাধ্যমে দরপত্র দলিলাদি ক্রয়ের ক্ষেত্রে নমুনা স্বাক্ষরসহ অথরাইজেশন কপি ইত্যাদি জমা দিতে হইবে। এই দরপত্র দি পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন-২০০৮ ও আউটসোর্সিং নীতিমালা ২০০৮ ইং অনুযায়ী পরিচালিত হইবে।
ঘ) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অণুসরণযোগ্য হইবে।
ঙ) অভিজ্ঞতা সনদপত্র সহ চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র নূন্যতম ৯ম গ্রেড সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি সংযোজন করিতে হইবে।
চ) মূল্যায়নের পর যে প্রতিষ্ঠানের প্রস্তাব যোগ্য বলিয়া বিবেচিত হইবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদের যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাইয়ের জন্য পরীক্ষায় ডাকা হইবে যাহার সময় ও তারিখ পরবর্তীতে জানানো হইবে।
ছ) নির্ধারিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ উদ্যেগে সংগৃহীত ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন- জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হইবে না। দরপত্র ডকুমেন্টের চাহিদা অনুযায়ী সকল শীট পুরণ করিতে হইবে এবং যোগাযোগের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মেইলিং ঠিকানা ও ফোন নম্বর ডকুমেন্টের নিদিষ্ট স্থানে উল্লেখ করিতে হইবে।
জ) নিয়োজিত কর্মচারীকে জনস্বার্থে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরও দায়িত্ব পালন করিতে হইবে।
ঝ) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কোন জনবলের অদক্ষতা বা অবহেলার কারণে নিয়োগকারী কর্তৃপক্ষের কোনরুপ ক্ষতি সাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করিতে হইবে।
ঞ) দরপত্র দাখিলের ২৮(আঠাশ) দিন পূর্বে ব্যাংকের স্থিতি ১.০০ (এক) লক্ষ টাকা থাকিতে হইবে অথবা ১.০০ (এক) লক্ষ টাকার শর্তহীন ব্যাংক গ্যারান্টি (লিকুইড এসেট) হিসাবে দরপত্রের সাথে দাখিল করিতে হইবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিম্নস্বাক্ষরকারী যে কোন অথবা সমস্ত দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Contractor Signature
with seal and date

২১/০১/১৮
(Md. Mokaddesh Ali)
Sub-Assistant Engineer (Estimator)
Lalmonirhat PWD Division, Lalmonirhat.

২১/০১/২০১৮
(Md. Shakiul Alam)
Executive Engineer (CC)
Lalmonirhat PWD Division, Lalmonirhat.